



সিরিয়ায় সীমান্ত এলাকায় জর্ডানের বিমান হামলা



ছবি: এএফপি

দক্ষিণ সিরিয়ার সুইদা এলাকায় মাদক ও অস্ত্র মজুদ থাকার অভিযোগে কয়েকটি স্থাপনায় বিমান হামলা চালিয়েছে জর্ডান। সিরিয়ার রাষ্ট্রীয় গণমাধ্যমের বরাতে এ তথ্য জানিয়েছে আন্তর্জাতিক সংবাদ সংস্থা এএফপি।

স্থানীয় সূত্রের দাবি, শাহবা গ্রামে বিদ্রোহী গোষ্ঠীর নিয়ন্ত্রণে থাকা একটি অবস্থান লক্ষ্য করে এই হামলা চালানো হয়। সেখানে অস্ত্র ও মাদক মজুদ ছিল বলে ধারণা করা হচ্ছে। ওই এলাকার কিছু অংশ এখনো কেন্দ্রীয় সরকারের পূর্ণ নিয়ন্ত্রণের বাইরে রয়েছে।

জর্ডানের সেনাবাহিনী জানিয়েছে, সীমান্ত এলাকায় সক্রিয় মাদক ও অস্ত্র চোরাচালান চক্রকে লক্ষ্য করে একাধিক স্থানে প্রতিরোধমূলক অভিযান চালানো হয়েছে। তাদের দাবি, জাতীয় নিরাপত্তা ও সীমান্ত সুরক্ষার স্বার্থে এ ধরনের পদক্ষেপ অব্যাহত থাকবে।

স্থানীয় পর্যবেক্ষকদের তথ্য অনুযায়ী, একাধিক বিমান হামলায় কয়েকটি স্থাপনা ক্ষতিগ্রস্ত হয়েছে, যার মধ্যে একটি গুদামঘরও রয়েছে। বিশ্লেষকদের মতে, সিরিয়ার সংঘাতকালীন সময়ে ক্যাপটাগন নামের সিনথেটিক মাদক পুরো অঞ্চলে বড় নিরাপত্তা সমস্যায় পরিণত হয়েছে, যা এখন প্রতিবেশী দেশগুলোর জন্যও উদ্বেগের কারণ।